4 MAY 2017

# আজ এসএসসি ও সমমানের পরীক্ষার ফল

নিজস্ব প্রতিবেদক ▷

এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশিত হবে আজ বৃহস্পতিবার। শিক্ষার্থীরা দুপুর ২টা থেকে নিজ নিজ বোর্ডের ওয়েবসাইট, যেকোনো মোবাইল ফোনের এসএমএসের মাধ্যমে এবং নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ফল জানতে পারবে। রেওয়াজ অনুযায়ী সকাল ১০টায় গণভবনে ১০ শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলাফলের কপি হস্তান্তর করবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এরপর সাড়ে ১২টায় শিক্ষা মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে ফলাফলের বিস্তারিত তুলে ধরা হবে।

মোবাইল ফোনের এসএমএসের মাধ্যমে ফলাফল পেতে SSC লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে আবার স্পেস দিয়ে পাসের সাল লিখে পাঠাতে হবে 16222 নম্বরে। মাদরাসা শিক্ষা বোর্ডের ফলের জন্য Dakhil লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর (MAD) লিখে আবার স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে পাসের সাল লিখে পাঠাতে হবে 16222 নম্বরে। এসএসসি ভোকেশনালের ফলের জন্য SSC লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর (TEC) লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে পাসের সাল লিখে পাঠাতে হবে 16222 নম্বরে।

এবারের এসএসসি ও সমমানের লিখিত পরীক্ষা গত ২ ফেব্রুয়ারি শুরু হয়, শেষ হয় ২ মার্চ। লিখিত পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে কয়েক বছর ধরে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ করছে শিক্ষা মন্ত্রণালয়। সেই ধারাবাহিকতা এবারও বজায় থাকছে।

এবার আট সাধারণ বোর্ডসহ ১০ বোর্ড থেকে এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেয় ১৭ লাখ ৮৬ হাজার ৬১৩ জন শিক্ষার্থী। ২৮ হাজার ৩৪৪টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা তিন হাজার ২৩৬টি কেন্দ্রে পরীক্ষায় অংশ নেয়।

গত বছর এসএসসি ও সমমানের পরীক্ষায় গড় পাসের হার ছিল ৮৮ দশমিক ২৯ শতাংশ। এর মধ্যে জিপিএ ৫ পেয়েছিল এক লাখ ৯ হাজার ৭৬১ জন শিক্ষার্থী।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
[illegible] পরিসংখ্যান বিভাগ
[illegible] ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর